111

তারিখ ... 11 AUG 1997 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 8 ......

দৈনিক ইত্তেফাক

## ইসলামী বিশ্ববিদ্যালয় ঃ ভিসির ক্যাম্পাসে প্রবেশের চেষ্টা ব্যর্থ

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ ভাইস-চ্যান্সেলর মুহাম্মদ ইনাম-উল-হক গতকাল (রবিবার) দীর্ঘ ৫৬ দিন পর নিজ কার্যালয়ে প্রবেশের জন্য কয়েক দফা প্রচেষ্টা চালাইয়া

( ২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ )

### ইসলামী বিশ্ববিদ্যালয়ে

(১ম পৃঃ পর)

ব্যর্থ হইয়াছেন। প্রত্যক্ষদর্শীরা জানান, ভিসি গতকাল সাড়ে ৯টার দিকে বেশ কিছু অচেনা সশস্ত্র যুবকের প্রহরায় তাহার কুষ্টিয়াস্থ বাসভবন হইতে ক্যাম্পাস মুখে যাত্রা শুরু করিলে আকস্মিকভাবে পাঁচ শতাধিক ছাত্রলীগ (শা-পা) ও ছাত্র শিবির কর্মী কুষ্টিয়া শহরের বিভিন্ন স্থান এবং বিশ্ববিদ্যালয় সংলগ্ন খুলনা-কুষ্টিয়া মহাসড়কের কয়েক স্থানে বেরিকেড তৈরী করে। খবর পাইয়া ভিসি সিদ্ধান্ত পরিবর্তন করিলেও গতকাল তিনি ক্যাম্পাসে প্রবেশের জন্য কয়েকদফা প্রচেষ্টা চালাইয়াও ছাত্রদের প্রতিরোধের মুখে সফল হন নাই।

গতকাল রক্তক্ষয়ী সংঘর্ষের আশংকায় ক্যাম্পাস এলাকা, স্থানীয় শেখ পাড়া বাজার ও কুষ্টিয়া শহরে দুই শতাধিক পুলিশ মোতায়েন করা হয়।

### শিক্ষক-কর্মচারীদের বেতন বন্ধ ॥ অস্থায়ীদের চাকুরীচ্যুতি

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ছয় শতাধিক শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর জুলাই মাসের এবং আরও শতাধিক এডহক কর্মচারীর জুন জুলাই দুই মাসের বেতন ভাতা বিল এখনো পাস হয় নাই। ফলে সংশ্লিষ্টরা বিশেষতঃ নিম্ন বেতনের ও দৈনিক ভিত্তিক কর্মচারীরা বিপাকে পড়িয়া মানবেতর জীবন যাপন করিতেছে। নিরুপায় হইয়া ইহাদের অনেকেই ইতিমধ্যে গ্রামের বাড়ি চলিয়া গিয়াছে।

গতকাল (রবিবার) শিক্ষক সমিতি কর্মকর্তা সমিতি ও কর্মচারী সমিতির সূত্রে জানা যায়, ভিসির অপসারণের দাবীতে আন্দোলনরত ছাত্ররা গত ২৫ জুলাই-এর পর হইতে প্রয়োজনীয় সময় পর্যন্ত শুধু বেতন বিল তৈরীতে সহায়তা হিসাবে ২৯ জুন হইতে তাহাদের অব্যাহত লাগাতার ধর্মঘটের কর্মসূচী কিছুটা শিথিলের প্রতিশ্রুতি দিলে এব্যাপারে শিক্ষক ও কর্মকর্তাদের দুইটি পৃথক লিয়াজোঁ কমিটি কাজ শুরু করে। কিন্তু বাঁকিয়া বসেন ভিসি ও হিসাব পরিচালক। সূত্র জানায়, ভিসি বেতন প্রদানের পূর্বশর্ত হিসাবে তাহার অপসারণের দাবীতে আন্দোলন প্রত্যাহার করিয়া নিতে বলেন। ভিসির এই প্রস্তাবে সংশ্লিষ্টরা রাজি না হওয়ায় তিনি নেতিবাচক মনোভাব দেখাইয়া অনড় থাকেন।

এমতাবস্থায় কর্মকর্তা সমিতির পক্ষ হইতে ঢাকায় অবস্থানরত হিসাব পরিচালকের সহিত যোগাযোগ করা হইলে তিনি পরিস্থিতি স্বাভাবিক না হইলে অফিস করিতে ক্যাম্পাসে আসিবেন না বলিয়া জানাইয়া দেন।

এদিকে ভিসি গত ২৬ জুন হইতে নিজ কার্যালয়ে অনুপস্থিত থাকায় নিয়োগের মেয়াদ বৃদ্ধি করিতে না পারায় নিয়মানুযায়ী ইতিমধ্যে শতাধিক এডহক শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীচ্যুতি ঘটিয়াছে।

গত ৬ই আগষ্ট বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশে ফেরার পর সংকট নিরসনের দাবীতে কর্মকর্তা ও কর্মচারী সমিতি তাহার নিকট স্মারকলিপি দিয়াছে। জানা গিয়াছে, তিনি গুরুত্বের সাথে বিষয়টি দেখিতেছেন।